**গোপনীয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.১০.০৯৫.২৫

তারিখঃ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ। / জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ।

বিষয় ঃ **বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫**

## ভূমিকাঃ

১। **সাধারণঃ**

আনসার বাহিনী আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এর ধারা ৭ এবং ৮ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪ এর বিধানমতে প্রবিধান প্রণয়ন না হওয়া পর্যন্ত বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন। বর্তমানে বিভিন্ন পদবীর আনসার সদস্য-সদস্যাদের কর্তব্য ও দায়িত্বের পরিধি বৃদ্ধি, পেশাগত দায়িত্ব পালনে উন্নতি ঘটানো ও জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে এ নীতিমালা প্রণয়ন করা হল।

২। **শিরোনাম ও কার্যকারিতাঃ**

এ নীতিমালা বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫ নামে পরিচিত হবে এবং ইহা জারীর তারিখ হতে কার্যকর হবে।

৩। **উদ্দেশ্যঃ**

আনসার বাহিনী আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এর আলোকে বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের নিয়োগ ও অব্যাহতি প্রদানের পদ্ধতির প্রয়োজনীয় দিক নির্দেশনা ও নির্দেশাবলী প্রদানই এ নীতিমালার উদ্দেশ্য।

## নিয়োগঃ

৪। **সদস্য হিসেবে তালিকাভুক্তিঃ**

আনসার মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সকল সদস্যই নিজ নিজ এলাকায় কোম্পানী বা প্লাটুনে আনসার সদস্য হিসেবে তালিকাভুক্ত (Enlisted) সদস্য/সদস্যা বলে গণ্য হবেন। তবে তালিকাভুক্ত কোন ব্যক্তি যদি নিম্নের কোন শর্তভঙ্গ করেন তবে তাকে তালিকা হতে বাদ দেয়া হবেঃ

ক) বাংলাদেশের নাগরিক এবং দেশের স্থায়ী বাসিন্দা না হন;

খ) বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন;

গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছে মর্মে ঘোষণা না করা হয়;

ঘ) কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন;

ঙ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দুস্কৃতিকারী হিসেবে চিহ্নিত হন বা সাজাপ্রাপ্ত হন;

চ) এলাকায় অসামাজিক কার্যকলাপে রত হন বা ছিলেন মর্মে কুখ্যাতি সৃষ্টি হয় বা থাকে;

ছ) নৈতিক স্খলনজনিত অপরাধে কোন উপযুক্ত আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হন;

জ) কোন অপরাধে সরকারী চাকরি হতে বরখাস্ত হন;

ঝ) শৃংখলাজনিত কারণে সদস্য পদ বাতিল করা হয়েছে বা বহিষ্কার করা হয়েছে এমন কোন পিসি, এপিসি, আনসার বা ভিডিপি সদস্য।

৫। **উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরগঠন:**

ক) প্রতি উপজেলায় ০১ (এক)টি উপজেলা আনসার কোম্পানী (পুরুষ) এবং ০১ (এক)টি উপজেলা আনসার প্লাটুন (মহিলা) গঠিত হবে। প্রতি ইউনিয়নে ০১ (এক)টি ইউনিয়ন আনসার প্লাটুন (পুরুষ) গঠিত হবে। প্রতি কোম্পানীর সদস্য সংখ্যা হবে ১১৫ (একশত পনের) জন এবং প্রতি প্লাটুনের সদস্য হবে ৩২ (বত্রিশ) জন।

খ) উপজেলা আনসার (পুরুষ) কোম্পানীতে ০১ (এক) জন কোম্পানী কমান্ডার ও ০১ (এক) জন সহকারী কোম্পানী কমান্ডার থাকবে। উপজেলা আনসার (মহিলা) প্লাটুন এ ০১ (এক) জন প্লাটুন কমান্ডার ও ০১ (এক) জন সহকারী প্লাটুন কমান্ডার থাকবে। ইউনিয়ন আনসার (পুরুষ) প্লাটুনে ০১ (এক) জন প্লাটুন কমান্ডার ও ০১ (এক) জন সহকারী প্লাটুন কমান্ডার থাকবে। উল্লেখিত কোম্পানী কমান্ডার, সহকারী কোম্পানী কমান্ডার, প্লাটুন কমান্ডার, সহকারী প্লাটুন কমান্ডার পদসমূহ সম্মানী ভাতা ভিত্তিক হবে।

৬। **সম্মানীভাতা ভিত্তিক নিয়োগের মেয়াদঃ**

(ক) উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/উপজেলা মহিলা আনসার প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার, ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার ও সহকারী কমান্ডার নিয়োগের মেয়াদকাল হবে ০৫ (পাঁচ) বছর। বিশেষ বিবেচনায় পূর্ববর্তী কর্তব্যকাল/দায়িত্বকাল সন্তোষজনক বিবেচিত হলে জেলা কমান্ড্যান্টের সুপারিশের ভিত্তিতে রেঞ্জ কমান্ডার পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য পুনরায় নিয়োগ দিতে পারবেন (০২ বারের অধিক নয়)। পরবর্তীতে পুনঃনিয়োগের প্রয়োজন হলে সদর দপ্তর **ভিডিপি শাখা** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তবে তৃণমূল নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে কোনক্রমেই একজনকে ২৫ (পঁচিশ) বছরের বেশী সময় পদে রাখা যাবে না। বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের দায়িত্ব পালনের সর্বোচ্চ বয়সসীমা হবে ৫০ (পঞ্চাশ) বছর।

(খ) বর্তমানে নিয়োজিত (যদি থাকে) সকল উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের কমান্ডার ও সহকারী কমান্ডারদের এ নীতিমালার আওতায় নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং এ নীতিমালার অনুচ্ছেদ ৬ (ক) অনুযায়ী ৫০ (পঞ্চাশ) বছর বয়সকাল পর্যন্ত কর্মরত থাকবেন।

(গ) উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডার হিসেবে ২৫ বছর নিয়োগকাল অথবা বয়স ৫০ (পঞ্চাশ) বছর পূর্তি, দু'টির মধ্যে যেটি আগে সংঘটিত হয় তার ভিত্তিতে নিয়োগ অবসান হবে।

৭। **সম্মানীভাতা ভিত্তিক নিয়োগের ক্ষমতাঃ**

আনসার বাহিনী আইন-১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এবং সরকারি আদেশ (জি.ও.) দ্বারা উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যাদের সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টগণ এ নীতিমালার আলোকে নিয়োগ প্রদান করবেন।

৮। **নিয়োগের জন্য বাছাই কমিটিঃ**

সংশ্লিষ্ট উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর অন্তর্গত সক্রিয়ভাবে কর্মরত সদস্য/সদস্যাদের মধ্য হতে কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার হিসেবে বাছাই করার জন্য নিম্নবর্ণিত কমিটি কাজ করবেঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | জেলা কমান্ড্যান্ট (সংশ্লিষ্ট) | - | সভাপতি |
| খ। | রেঞ্জের প্রতিনিধি | - | সদস্য |
| গ। | সহকারী জেলা কমান্ড্যান্ট (সংশ্লিষ্ট) | - | সদস্য-সচিব |
| ঘ। | সার্কেল অ্যাডজুটান্ট (সংশ্লিষ্ট)/ইউএভিডিও (সদর) | - | সদস্য |
| ঙ। | ইউএভিডিও/টিএভিডিও (সংশ্লিষ্ট) | - | সদস্য |
| চ। | ইউআই/টিআই (পুরুষ/মহিলা) সংশ্লিষ্ট | - | সদস্য |

ব্যাখ্যাঃ (১) কোন জেলায় সহকারী জেলা কমান্ড্যান্ট কর্মরত না থাকলে কমিটির সে পদটি শূন্য থাকবে। এক্ষেত্রে কমিটির পরবর্তী জ্যৈষ্ঠ কর্মকর্তা সদস্য সচিব হবেন।

(২) কোন জেলায় সহকারী জেলা কমান্ড্যান্ট জেলা কমান্ড্যান্ট এর দায়িত্ব পালন করলে কমিটিতে সহকারী জেলা কমান্ড্যান্ট এর পদটি খালি থাকবে।

(৩) কোন জেলায় সার্কেল অ্যাডজুটান্ট জেলা কমান্ড্যান্ট এর দায়িত্ব পালন করলে উক্ত জেলার সদর উপজেলার আনসার-ভিডিপি কর্মকর্তা সদস্য-সচিব হবেন।

(৪) এ কমিটির কোরাম ন্যূনতম তিন সদস্যের উপস্থিতিতে পূর্ণ হবে।

৯। **<u>সম্মানীভাতা ভিত্তিক উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের পদে নিয়োগের যোগ্যতাঃ</u>**

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যা পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবেঃ

| | | |
|---|---|---|
| (ক) বয়স | ঃ | পুরুষ : ২৫-৩৫ বৎসর;<br>মহিলা : ২৫-৩৫ বৎসর। |
| (খ) শিক্ষাগত যোগ্যতা | ঃ | i) উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার পদে ন্যূনতম এসএসসি পাস (এইচএসসি পাস অগ্রাধিকার)<br>ii) সহকারী উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার এবং প্লাটুন কমান্ডার ও সহকারী প্লাটুন কমান্ডার পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাস হতে হবে।<br>iii) কোম্পানী/প্লাটুনভুক্ত অন্যান্য সদস্য-সদস্যা পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/অষ্টম শ্রেণি পাস হতে হবে। |
| (গ) চিকিৎসা সনদ | ঃ | শারীরিক যোগ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র। |
| (ঘ) উচ্চতা | ঃ | পুরুষ : ৫' - ৪" ;<br>মহিলা : ৫' - ০" । |
| ব্যাখ্যাঃ | (১) | অধিক উচ্চতা সম্পন্নপ্রার্থীগণ অগ্রাধিকার পাবেন; |
| | (২) | উপজাতীয়দের ক্ষেত্রে উচ্চতা ২" শিথিলযোগ্য। |
| (ঙ) বুকের মাপ | ঃ | পুরুষ : ৩০" - ৩২";<br>মহিলা : প্রযোজ্য নয়; |
| (চ) প্রশিক্ষণ | ঃ | উপজেলা/ থানা আনসার মৌলিক প্রশিক্ষণ, উপজেলা/ থানা আনসার অ্যাডভান্সড কোর্স সম্পন্নকারীগণ 'উপজেলা/ থানা আনসার কোম্পানী কমান্ডারস প্রশিক্ষণ' গ্রহণের ধারাবাহিকতায় অভিজ্ঞতা অর্জন সাপেক্ষে সংশ্লিষ্ট নিয়োগ বিবেচিত হবে। |
| (ছ) অভিজ্ঞতা | ঃ | (ক) ইউনিয়ন প্লাটুন কমান্ডার, সহকারী প্লাটুন কমান্ডার পদের জন্য উপজেলা আনসার কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যা হিসেবে ন্যূনতম ০২ (দুই) বছর সক্রিয়ভাবে কাজ করার অভিজ্ঞতা থাকবে হবে।<br>(খ) সহকারী উপজেলা/থানা কোম্পানী কমান্ডার পদের জন্য অবশ্যই ন্যূনতম ০১ (এক) বছর ইউনিয়ন প্লাটুন কমান্ডার/ সহকারী প্লাটুন কমান্ডার হিসেবে সক্রিয়ভাবে কাজ করার অভিজ্ঞতা থাকবে হবে।<br>(গ) উপজেলা/ থানা কোম্পানী কমান্ডার পদের জন্য অবশ্যই ন্যূনতম ০২ (দুই) বছর সহকারী উপজেলা/থানা কোম্পানী কমান্ডার হিসেবে সক্রিয়ভাবে কাজ করার অভিজ্ঞতা থাকবে হবে।<br>(খ) বাহিনীর লক্ষ্য অর্জনে সামাজিক নিরাপত্তা ও উন্নয়নমূলক কর্মকান্ডে ২ বছর সক্রিয়ভাবে অংশগ্রহণ। সমাজে স্বেচ্ছাসেবীদের নেতৃত্ব প্রদানের ক্ষেত্রসমূহে ভূমিকা রয়েছে এমন আনসার সদস্য অগ্রাধিকার পাবেন। তবে নিয়োগের প্রশিক্ষণসহ অন্যান্য শর্ত আবশ্যিকভাবে পূরণ করতে হবে। |

(জ) অগ্রাধিকার ঃ (ক) আনসার-ভিডিপি পরিবারের সদস্য-সদস্যা (কর্মকর্তা, কর্মচারী, ব্যাটালিয়ন আনসার বা প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য/সদস্যার স্বামী/স্ত্রী/সন্তান); তবে, নিয়োগের অন্যান্য শর্ত আবশ্যিকভাবে পূরণ করতে হবে।

(খ) দৃষ্টান্তমূলক সমাজসেবী;

(গ) আনসার/পেশাভিত্তিক/যুগপৎ যুদ্ধকৌশল প্রশিক্ষণপ্রাপ্ত।

১০। **নিয়োগের জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ**

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরকমান্ডার ও সহকারী কমান্ডার হিসেবে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত কাগজ/দলিলাদি বাছাই কমিটির নিকট উপস্থাপন করতে হবেঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন/ওয়ার্ডের কাউন্সিলর/ ইউএভিডিও/টিএভিডিও কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি - ৩ কপি।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর (যেখানে যেটি প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(ঘ) প্রশিক্ষণ সনদপত্র।

(ঙ) সংশ্লিষ্ট ইউএভিডিও/টিএভিডিও কর্তৃক ২ বছর উপজেলা/থানা আনসার কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুনভুক্ত সদস্য-সদস্যা হিসেবে সক্রিয়ভাবে কাজ করার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

(চ) সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তার উপস্থিতিতে স্বাক্ষরিত শপথনামা।

(ছ) জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডিকার্ড ও জন্ম নিবন্ধন সনদপত্র।

(জ) রক্তের গ্রুপ।

(ঞ) শারীরিক যোগ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র।

(ট) ব্যক্তিগত তথ্য ফরম (পূরণকৃত)

(ঠ) অফিস কর্তৃক পূরণকৃত ফরম

(ড) আভি উন্নয়ন ব্যাংকের হিসাব নম্বর (হিসাব খোলার প্রমাণপত্র)

(ঢ) মোবাইল ব্যাংকিং সার্ভিস (বিকাশ/রকেট/নগদ ইত্যাদি) নম্বর থাকতে হবে।

১১। **নিয়োগ পদ্ধতিঃ**

এ নীতিমালার অনুচ্ছেদ ৮-এ বর্ণিত কমিটি উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরকমান্ডার ও সহকারী কমান্ডার শূন্যপদ পূরণের লক্ষ্যে উন্মুক্ত নোটিশের মাধ্যমে উপজেলা/থানা আনসার অ্যাডভান্সড প্রশিক্ষণ সম্পন্নকারীদের মধ্য হতে প্রাথমিকভাবে উপযুক্ত জনবল বাছাই করবে। প্রাথমিকভাবে বাছাইকৃতদের সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট তাঁর জেলার জন্য উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের কমান্ডার ও সহকারী কমান্ডার পদে নিয়োগের লক্ষ্যে পুলিশী প্রতিবেদন সংগ্রহ করবেন। সন্তোষজনক পুলিশী প্রতিবেদন প্রাপ্ত সদস্যগণ সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক একাডেমি/ রেঞ্জ এ উপযুক্ত কর্তৃপক্ষের তত্বাবধানে 'উপজেলা/ থানা আনসার কোম্পানী কমান্ডারস প্রশিক্ষণ' গ্রহণ করবেন। সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীগণ নিয়োগের জন্য উল্লেখিত অন্যান্য শর্তাদি পূরণ করলে, প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিয়োগযোগ্য জনবলের তালিকা প্রকাশ করবেন। এ তালিকা হতে রেঞ্জ কমান্ডারের অনুমোদনক্রমে নিয়োগযোগ্য সদস্য যে উপজেলা/ থানা/ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা তাকে সে উপজেলা/ থানা কোম্পানী/ প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুন এর শূণ্যপদের বিপরীতে ০৫ বছরের জন্য জেলা কমান্ড্যান্ট কর্তৃক নিয়োগপত্র প্রদান করা হবে (পরিশিষ্ট-"....")। নিয়োগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা /থানা/ জেলা আনসার ভিডিপি কার্যালয়ে জেলা কমান্ড্যান্ট এর তত্বাবধানে ও নির্দেশনা মোতাবেক ১৪ কর্মদিবস ইন্টার্নশীপ (শিক্ষানবিশি/ ব্যবহারিক প্রশিক্ষণ) গ্রহণ করবেন। নিয়োগপত্রের দপ্তর কপি, শপথনামা (পরিশিষ্ট-....), পুলিশী প্রতিবেদন ও অন্যান্য সকল ব্যক্তিগত ডকুমেন্ট জেলা কার্যালয়ে তার বিপরীতে ব্যক্তিগত নথিতে সংরক্ষিত থাকবে।

**অব্যাহতি, অপসারণ ও পদত্যাগঃ**

১২। **অব্যাহতিঃ**

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের কমান্ডার ও সহকারী কমান্ডার পদে নিয়োগ প্রাপ্তগণ যোগদানের পর ৫ (পাঁচ) বছর পর্যন্ত কর্মরত থাকবেন। যোগদানের তারিখ হতে পাঁচ বছর পূর্তির দিনে স্বয়ংক্রিয়ভাবে তার নিযুক্তি বাতিল হবে। তবে ভাতাভিত্তিক পদে থাকাকালীন কর্তব্যপরায়নতা, সামাজিক উন্নয়নমূলক উল্লেখযোগ্য কর্মকান্ড, রাষ্ট্রীয় বিভিন্ন কর্মকান্ডে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন, প্রশংসামূলক কাজ ও শৃঙ্খলা পরিপন্থী কোন আচরণ বা কাজে সম্পৃক্ত না থাকলে জেলা কমান্ড্যান্টের সুপারিশক্রমে পরবর্তী মেয়াদের জন্য সংশ্লিষ্ট রেঞ্জ কমান্ডার নিয়োগের অনুমোদন প্রদান করতে পারবেন। তবে উল্লেখ থাকে যে, সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট ভাতা ভিত্তিক সদস্যের দক্ষতার উন্নয়ন ও যুগোপযোগী করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে অনুধাবন করলে মেয়াদ বৃদ্ধির সুপারিশ পত্রে তা উল্লেখ করবেন এবং সতেজকরণ প্রশিক্ষনের জন্য নির্বাচিতদের তালিকা তার মেয়াদ পূর্তির কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে আনসার শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। আনসার-প্রশিক্ষণ শাখা সতেজকরণ প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কেবলমাত্র সফলভাবে সতেজকরণ প্রশিক্ষণ সম্পন্নকারীগণ মেয়াদ বৃদ্ধির জন্য বিবেচিত হবেন। মেয়াদ বৃদ্ধি না হলে সন্তোষজনকভাবে দায়িত্বপালন শেষে সংশ্লিষ্ট উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের কমান্ডার ও সহকারী কমান্ডার পদ হতে অব্যহতি প্রদান করতে হবে এবং পরিশিষ্ট ...... এ বর্ণিত পত্রের অনুরূপ প্রশংসাসূচক পত্র বা 'Letter of Appreciation' প্রদান করবেন। মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে অবশ্যই ৫ (পাঁচ) বছরের মেয়াদ পূর্তির ন্যূনতম ১ (এক) মাস পূর্বে সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১৩। **মৃত্যুবরণ/ পদত্যাগঃ**

ভাতাভিত্তিক পদে নিয়োজিত কোন সদস্য-সদস্যা মৃত্যুবরণ করলে, মৃত্যুবরণের তারিখ হতে তার পদটি শূণ্য হিসেবে বিবেচিত হবে। এছাড়া কোন সদস্য-সদস্যা জেলা কমান্ড্যান্ট বরাবরে নিজ স্বাক্ষরযুক্ত পত্রযোগে ব্যক্তিগতভাবে পদত্যাগপত্র দাখিল করতে পারবেন। পদত্যাগপত্রে পদত্যাগের তারিখ উল্লেখ না থাকলে জেলা কমান্ড্যান্ট যে তারিখে পত্র পাবেন সে তারিখ হতে পদত্যাগ জেলা কমান্ড্যান্ট এর অনুমোদন স্বাপেক্ষে কার্যকর হবে এবং পদত্যাগকারীর পদ শূন্য হবে।

১৪। **শৃংখলাজনিত কারণে অপসারণঃ**

শৃংখলাভঙ্গের কারণে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে অনুচ্ছেদ ১৬, ১৭, ১৮ -এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে একজন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরকমান্ডার ও সহকারী কমান্ডারদের অপসারণ করা যাবে। শৃংখলাজনিত কারণে অপসারণ হলে কোন ধরনের আর্থিক সুবিধা দেয়া হবে না।

১৫। **(ক) পেশাগত কাজে অযোগ্য এবং শারীরিক/মানসিকভাবে অক্ষম হলে বা স্থায়ী আবাসস্থল (ঠিকানা) পরিবর্তন হলেঃ**

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের দায়িত্ব পালনকালীন সময়ে পেশাগত দায়িত্ব পালনে অযোগ্য বিবেচিত হলে কিংবা শারীরিক বা মানসিকভাবে অক্ষম বলে বিবেচিত হলে জেলা কমান্ড্যান্ট কর্তৃক ছাড়পত্র প্রদানের মাধ্যমে তাকে সসম্মানে অব্যাহতি দেয়া হবে। বৈবাহিক বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরসদস্য-সদস্যা উপজেলা/ইউনিয়নের বাইরে স্থায়ীভাবে বসবাস শুরু করলেও জেলা কমান্ড্যান্ট কর্তৃক ছাড়পত্র প্রদানের মাধ্যমে তাঁকে সসম্মানে অব্যাহতি দেয়া হবে। তবে এক্ষেত্রে পরিবর্তিত ঠিকানায় উক্ত পদ শূন্য হলে/থাকলে প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে তিনি নিয়োজিত হতে পারবেন। তবে ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন শহরে বসবাসকারীদের ক্ষেত্রে উক্ত নিয়ম শিথিলযোগ্য হবে।

**(খ) স্থানীয় সরকার/জাতীয় নির্বাচনে অংশগ্রহণঃ**

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরকমান্ডার ও সহকারী কমান্ডারগণ স্থানীয় সরকার/জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করলে উক্ত উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরএ তার পদটি বাতিল হবে। এছাড়াও রাজনৈতিক দলের যে কোন পদে সম্পৃক্ত থাকলে উক্ত উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরএ তার পদটি শপথনামা ভঙ্গের অপরাধে বাতিল হবে।

**(গ) নিজ দায়িত্বপূর্ণ এলাকার বাইরে/অভ্যন্তরে চাকুরী করার ক্ষেত্রে :**

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরকমান্ডার ও সহকারী কমান্ডারগণ তার নিজ দায়িত্বপূর্ণ এলাকার বাইরে অত্র বাহিনীতে/ অন্য সংস্থায় চাকুরীরত থাকলে এবং নিজ এলাকার অভ্যন্তরে অত্র বাহিনীতে/ সরকারি সংস্থায় স্থায়ীভাবে কর্মরত থাকলে তার ভাতাভিত্তিক পদের নিয়োগ বাতিল করা হবে এবং তাকে উক্ত পদ হতে অব্যহতি দেয়া হবে।

১৬। **মহাপরিচালক এর ক্ষমতাঃ**

তৃণমূল পর্যায়ে নেতৃত্বের আবর্তন বা নতুন নেতৃত্ব সৃষ্টির প্রয়োজনে, সামাজিক বা রাষ্ট্রীয় প্রেক্ষিত বিবেচনায় বা কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারগণ বাহিনীর লক্ষ্য, উদ্দেশ্য ও মূল মতাদর্শের সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন কর্মকান্ডে লিপ্ত রয়েছে মর্মে প্রতীয়মান হলে মহাপরিচালক স্বীয় বিবেচনায় যে কোন কমান্ডার ও সহকারী কমান্ডারকে অপসারণ/অব্যাহতি দেয়ার আদেশ দিতে পারবেন। সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট মহাপরিচালকের নির্দেশ অনুসারে অপসারণ/অব্যাহতির আদেশ জারী করবেন। মহাপরিচালকের আদেশ প্রদানের তারিখ হতে এ অব্যাহতি আদেশ কার্যকর হবে। মহাপরিচালক এর আদেশ দ্বারা অপসারিত/অব্যাহতির ক্ষেত্রে মহাপরিচালকের আদেশ ব্যতীত সংশ্লিষ্ট ব্যক্তিকে কোন ক্রমেই স্থানীয়ভাবে পুনঃ বহাল করা যাবে না।

**অপরাধ, শাস্তি ও আপীল পদ্ধতিঃ**

১৭। **অপরাধ ও শাস্তিঃ**

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের বিরুদ্ধে পরিশিষ্ট -'.....' তে বর্ণিত এক বা একাধিক অভিযোগ উত্থাপিত ও প্রমাণিত হলে তার বিরুদ্ধে উক্ত পরিশিষ্টে বর্ণিত শাস্তি আরোপ করা যাবে। শাস্তি আরোপ সকল ক্ষেত্রেই লিখিত আদেশ দ্বারা জারী করা হবে। সকল প্রকার শাস্তি আরোপের ক্ষেত্রে সদর দপ্তর ভিডিপি শাখা, রেঞ্জ দপ্তর ও সংশ্লিষ্ট উপজেলা দপ্তরকে অবগতি কপি দিতে হবে। তবে কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের অব্যাহতি, অপসারণ, বহিষ্কার বা সদস্যপদ বাতিল আদেশের ক্ষেত্রে সদর দপ্তর, প্রশিক্ষণ ভিডিপি/আনসার শাখা, রেঞ্জ দপ্তর ও উপজেলা দপ্তরের পাশাপাশি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা ও উপজেলা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-কে অবগতির কপি দিতে হবে। আত্মপক্ষ সমর্থনের যথাযথ সুযোগ এবং আচরণগত/অভ্যাসগত ত্রুটি সংশোধনের সুযোগ প্রদান না করে কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরসদস্য-সদস্যাদের অব্যাহতি প্রদান/অপসারণ/বরখাস্ত/সদস্যপত্র বাতিল করা যাবে না।

১৮। **শাস্তি প্রদান পদ্ধতিঃ**

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরসদস্য-সদস্যার বিরুদ্ধে পরিশিষ্ট-'......' -এ বর্ণিত এক বা একাধিক অভিযোগ উত্থাপিত হলে জেলা কমান্ড্যান্ট নিজে অথবা জেলা দপ্তরের কোন কর্মকর্তাকে সভাপতি করে তদন্ত পর্ষদ গঠন করবেন। অভিযোগের সাথে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বা কর্মচারী উক্ত তদন্ত পর্ষদে অন্তর্ভুক্ত হবেন না। অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর জেলা কমান্ড্যান্ট অভিযুক্তকে ৫/৭ দিনের সময় দিয়ে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে কারণ দর্শাও নোটিশ জারী করবেন। জবাব প্রাপ্তির পর জবাব সন্তোষজনক বলে প্রতীয়মান হলে তাকে অভিযোগ হতে অব্যাহতি দিবেন। জবাব সন্তোষজনক না হলে পরিশিষ্ট-'...' মোতাবেক উপযুক্ত শাস্তি প্রদান করবেন। তবে কোন শাস্তি প্রদানের জন্য উর্ধ্বতন দপ্তরের অনুমোদন প্রয়োজন হলে তিনি শাস্তির বিষয়টি উল্লেখ করে অনুমোদন চাইবেন। এক্ষেত্রে তিনি অভিযোগ ও তদন্ত কার্যক্রমের সকল কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবেন। উর্ধ্বতন দপ্তর বিষয়টি বিবেচনা করে সুপারিশকৃত শাস্তি অনুমোদন করবেন অথবা অন্য কোন শাস্তি প্রদানের জন্য নির্দেশনা দিবেন। পরিশিষ্ট '.....' অনুযায়ী শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষ রেঞ্জ কমান্ডার বা তদুর্ধ্ব কোন কর্তৃপক্ষ হলে জেলা কমান্ড্যান্ট অভিযোগের বিষয়ে পূর্ণাঙ্গ তদন্ত প্রক্রিয়া সম্পন্ন করে তার মতামতসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন বা নির্দেশনা প্রাপ্তির পর সে মোতাবেক শাস্তির আদেশ জারী করতে হবে।

১৯। **শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষঃ**

পরিশিষ্ট-'......' মোতাবেক।

২০। **শাস্তির প্রকার/ব্যাখ্যাঃ**

ক) সতর্ককরণ বলতে অভিযুক্ত ব্যক্তির মৌখিক/লিখিত জবানবন্দীর ভিত্তিতে লিখিতভাবে সতর্কীকরণকে বুঝাবে। এ আদেশের কপি অভিযুক্ত ব্যক্তির নথিতে রাখতে হবে।
খ) ভাতা কর্তন বলতে নির্দিষ্ট সংখ্যক দিনের ভাতা কর্তন বুঝাবে। কর্তনকৃত অর্থ জেলার স্থানীয় তহবিলে জমা করতে হবে।
গ) তিরস্কার/কঠোর তিরস্কার বলতে অভিযুক্ত ব্যাক্তির অভিযোগ প্রমাণিত হওয়ার প্রেক্ষিতে মৌলিক ও লিখিতভাবে "কড়া ভাষায় ভর্ৎসনা" করা বুঝাবে।
ঘ) জরিমানা বলতে "অর্থ জরিমানা" বুঝাবে।
ঙ) পদাবনতি বলতে কমান্ডার থেকে সহকারী সহকারী কমান্ডার এ পদাবনতি বুঝাবে।
চ) অপসারণ বলতে বর্তমান নিয়োগ বাতিল ও পদ হতে অপসারণ বুঝাবে।
ঙ) বহিষ্কার বলতে বর্তমান নিয়োগ বাতিল, প্রাথমিক সদস্য পদ খারিজ ও বাহিনী হতে প্রাপ্ত সকল প্রশিক্ষণ সনদপত্র বাতিল বলে গণ্য হবে।

চ) বহিষ্কৃত ব্যক্তি বাহিনীর অন্য কোন পদে নিয়োজিত হতে বা অন্য কোন প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না। এছাড়া আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক হতে প্রাপ্ত সকল ধরনের সুযোগ-সুবিধার বাহিরে থাকিবে।

ছ) শাস্তিমূলক ব্যবস্থার জারীকৃত পত্রে শাস্তিপ্রাপ্ত ব্যক্তি আপীল করতে আগ্রহী কিনা এবং আগ্রহী হলে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২১। **আপীল পদ্ধতিঃ**

কোন শাস্তিপ্রাপ্ত সদস্য শাস্তির বিরুদ্ধে আপীল করতে চাইলে তাকে শাস্তি প্রদানের ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপীল আবেদন জমা দিতে হবে। কর্তৃপক্ষ আপীল আবেদনটি ০৭ (সাত) পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। আপীল কর্তৃপক্ষকে ৯০ (নব্বই) পঞ্জিকা দিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করতে হবে।

২২। **আপীল কমিশনঃ**

ক) **জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত শাস্তির বিরুদ্ধে আপীলঃ** জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত শাস্তির আপীল আবেদন রেঞ্জ কমান্ডার শুনানী ও নিষ্পত্তি করবেন।

খ) **রেঞ্জ কমান্ডার কর্তৃক প্রদত্ত শাস্তির বিরুদ্ধে আপীলঃ** সদর দপ্তরে উপমহাপরিচালক (প্রশিক্ষণ) এর সভাপতিত্বে তিন সদস্য বিশিষ্ট একটি আপীল কমিশন থাকবে। এ আপীল কমিশনের অন্য দু'জন সদস্য হবে আইন কর্মকর্তা/উপদেষ্টা ও সহকারী পরিচালক (আনসার) সদস্য-সচিব। রেঞ্জ কমান্ডার কর্তৃক প্রদত্ত শাস্তির বিরুদ্ধে আপীল আবেদন এ কমিশন নিষ্পত্তি করবে।

গ) **বহিষ্কার আদেশের বিরুদ্ধে আপীলঃ** সদর দপ্তরে অতিরিক্ত মহাপরিচালকের সভাপতিত্বে তিন সদস্য বিশিষ্ট একটি আপীল কমিশন থাকবে। এ আপীল কমিশনের অন্য দু'জন সদস্য হবেন উপমহাপরিচালক (প্রশিক্ষণ) এবং পরিচালক (ভিডিপি প্রশিক্ষণ), সদস্য-সচিব। বহিষ্কার আদেশের বিরুদ্ধে আপীল আবেদন এ কমিশন নিষ্পত্তি করবে। আপিল আবেদনের নিষ্পত্তি ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করতে হবে।

২৩। **আবেদনঃ আপীল রিভিউ**

আপীল সিদ্ধান্তের বিষয়ে সংক্ষুব্ধ ব্যক্তি ৩০ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক বরাবরে আবেদন জানাতে পারবেন। আবেদনের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪। **শাস্তির রেকর্ড সংরক্ষণঃ**

জেলা কমান্ড্যান্ট শাস্তিপ্রাপ্ত উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের রেকর্ড একটি রেজিষ্টারের মাধ্যমে সংরক্ষণ করবেন। এছাড়া AVMIS সফটওয়্যারে শাস্তির বিষয়টি অন্তর্ভূক্ত করা হবে। ভিডিপি শাখা কর্তৃক সদর দপ্তর উপজেলা আনসার ও ভিডিপি রেকর্ড সংরক্ষণ করবে।

২৫। **সংরক্ষণ ও হেফাজতঃ**

ইতোপূর্বে জারীকৃত উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের নিয়োগ ও অপসারণ সংক্রান্ত সকল নীতিমালা এতদ্বারা রহিত করা হল।

২৬। **সংশোধন ও পরিমার্জনঃ**

এ নীতিমালা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্রয়োজনে সংশোধন/সংযোজন/বিয়োজন এবং পরিবর্তন করা যাবে। বর্নিত নীতিমালার ক্রমিক (৮) এ উল্লিখিত সম্মানীভাতা ভিত্তিক উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডার পদে নিয়োগের ক্ষেত্রে সদর দপ্তরের অনুমোদন সাপেক্ষে এক বা একাধিক যোগ্যতা শিথিল করা যাবে।

**উপসংহারঃ**

২৮। বাংলাদেশ আনসার ও ভিডিপি'র ঐতিহ্য, ভাবমূর্তি ও সুনাম সমুন্নত রাখা এবং তৃণমূল পর্যায়ে আইন অনুযায়ী প্রদত্ত দায়িত্ব যথাযথভাবে পালনকল্পে এ নীতিমালা জারীর তারিখ থেকে সংশ্লিষ্ট সকলে এ নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৯। ইহা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল।

উপমহাপরিচালক (প্রশিক্ষণ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.১০.০৯৫.২৫

তারিখঃ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ।
জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ।

**অনুলিপিঃ**

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ৩। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ৪। | ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার-ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৫। | উপমহাপরিচালক(রেঞ্জ)/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | |
| ৬। | অধিনায়ক, ...........আনসার ব্যাটালিয়ন, .....................................<br>........................................................ | |
| ৭। | উপপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)<br>........................................................ | |
| ৮। | জেলা কমান্ড্যান্ট, (সকল) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী...................। | |
| ৯। | উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তা (সকল),...................<br>........................................................ | |
| ১০। | অফিস কপি/মাস্টার কপি। | |

উপমহাপরিচালক (প্রশিক্ষণ)

**পরিশিষ্ট-'ক'**

সম্মানীভাতা ভিত্তিক উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারগণের নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
......................

স্মারক নং- তারিখঃ.........................

প্রতি ঃ .............................................................................

.................................................................ইউনিয়ন

.............................উপজেলা, .............................জেলা।

বিষয় ঃ **ভাতা ভিত্তিক উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার (পুরুষ)/ উপজেলা/থানা সহকারী আনসার কোম্পানী কমান্ডার (পুরুষ)/উপজেলা/থানা আনসার প্লাটুন কমান্ডার (মহিলা)/ উপজেলা/থানা সহকারী প্লাটুন আনসার কমান্ডার (মহিলা)/ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার (পুরুষ)/ ইউনিয়ন সহকারী আনসার প্লাটুন কমান্ডার (পুরুষ) পদে নিয়োগ প্রদান।**

বরাত ঃ সম্মানীভাতা ভিত্তিক উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারদের নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫ অনুচ্ছেদ ..

(নিয়োগ পত্রের স্মারক নং)

জনাব .............................................................................। আপনি 'উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এরসদস্য-সদস্যাদের নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫' এর অনুচ্ছেদ ০৯ এ বর্ণিত শর্ত ও যোগ্যতাসমূহ পূরণ করায় এবং সন্তোষজনক পুলিশী প্রতিবেদন পাওয়া সাপেক্ষে আপনাকে শূন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ........................................ ইউনিয়ন/ওয়ার্ড ................................................. উপজেলায় .....................................জেলায় আগামী .............................খ্রি. হতে আগামী .............................খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে(পদের নাম উল্লেখ করতে হবে)............ ................................................. নিয়োগ প্রদান করা হল।

**শর্তাবলী:**

ক) এই নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকরী হবে।

খ) .......................খ্রি. তারিখ অপরাহ্নের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে, তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

গ) সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টের তত্বাবধানে শিক্ষানবিশি প্রশিক্ষণ ১৪ (চৌদ্দ) দিন গ্রহণ করতে হবে।

ঘ) প্রাথমিকভাবে ০৫ (পাঁচ) বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রাপ্তকে সন্তোষজনক চাকুরীর শর্তে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

ঙ) বর্তমান প্রচলিত সরকারি নিয়ম অনুযায়ী মাসিক সম্মানী/ খোরাকী ভাতা প্রাপ্ত হবেন।

চ) যোগদান পত্রের সাথে ০২ (দুই) কপি ছবিসহ জীবন বৃত্তান্ত ফরম পূরণ করে জমা দিতে হবে।

ছ) সংগঠনের নীতিমালা অনুযায়ী তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালনে বাধ্য থাকতে হবে।

জ) তাছাড়া সময়ে সময়ে আনসার-ভিডিপি সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা হতে জারিকৃত আদেশ-নির্দেশ মতে প্রদত্ত দায়িত্ব ও কর্তৃব্য পালন করতে বাধ্য থাকবে।

ঝ) জমাকৃত সনদপত্রে পরবর্তীতে যদি কোন গরমিল দেখা যায়, তাহলে নিয়োগপত্র বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঞ) উক্ত আদেশ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিম্নস্বাক্ষরকারী পরিবর্তন, পরিবর্ধন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

...........................
জেলা কমান্ড্যান্ট

**পরিশিষ্ট-'খ'**

সম্মানীভাতা ভিত্তিক উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারগণের নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫

# শপথনামা

আমি......................., পিতা/স্বামী-......................, গ্রাম/ ওয়ার্ড -........................., ডাকঘর-.................., উপজেলা-...................., জেলা-................., আনসার ও ভিডিপি বাহিনীর আদর্শে উদ্বুদ্ধ হইয়া এই মর্মে শপথ গ্রহণ করিতেছি যে, আমি ধর্মীয় অনুশাসন বিশ্বস্ততার সহিত মান্য করিব এবং সমাজ ও দেশ সেবায় আত্মনিয়োগ করিব। আমি আমার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ নির্দেশ যথাযথভাবে মানিতে বাধ্য থাকিব। আমি বাহিনীর একজন দায়িত্বপ্রাপ্ত সদস্য হিসেবে কোন প্রকার রাজনৈতিক এবং অনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ হতে বিরত থাকিব। আমি বাংলাদেশের সংবিধানের প্রতি পূর্ণ অনুগত থাকিব এবং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার্থে প্রয়োজনবোধে নিজের জীবন উৎসর্গ করিব।

স্বাক্ষর:

আমার সম্মুখে অদ্য..........................খ্রিঃ তারিখ শপথ গৃহীত হইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.......................

**প্রশংসাপত্র (Letter of Appreciation)**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আপনি জনাব............................................................................................ ঠিকানা ................................................................................................................ বিগত .......................................... . হতে ............................ পর্যন্ত আপনার দায়িত্বপূর্ণ এলাকায় অত্যন্ত নিষ্ঠা, আন্তরিকতা ও প্রজ্ঞার সাথে (পদের নাম উল্লেখ করতে হবে)........................................................ হিসেবে দায়িত্ব পালন করছেন, যা প্রশংসার দাবীদার। বিশেষ করে ..............................**(উল্লেখযোগ্য কাজের সংক্ষেপে বর্ণনা)**......................................... ইত্যাদি ক্ষেত্রে আপনার ভূমিকা ছিল অনুপ্রেরণামূলক এবং অনুকরণীয় । তৃণমূল পর্যায়ে আপনার নেতৃত্ব সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণসহ অর্থনৈতিক সমৃদ্ধিকে ত্বরান্বিত করেছে, যা সার্বিকভাবে বাহিনীর মর্যাদাকে বৃদ্ধি করেছে।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী আপনার কৃতিত্বপূর্ণ কর্মকালীন সময়কে শ্রদ্ধার সাথে স্মরণ করছে এবং বাহিনীর সকল সদস্যদের পক্ষ থেকে আপনাকে অভিবাদন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে।

ধন্যবাদান্তে

জেলা কমান্ড্যান্ট

**পরিশিষ্ট-'ঘ'**

সম্মানীভাতা ভিত্তিক উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারগণের নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.......................

স্মারক নং- তারিখঃ........................

প্রতি ঃ ..............................................................................

ইউনিয়ন/ওয়ার্ড (পৌর) ......................................................

উপজেলা:......................................জেলা: ........................

বিষয় ঃ **অব্যহতি প্রদান প্রসঙ্গে।**

বরাত ঃ ...................................
(নিয়োগ পত্রের স্মারক নং)

আপনি জনাব ....................... পিতা-......................., মাতা-........................ গ্রাম-.........................., ডাকঘর-........................, উপজেলা-............................ জেলা-......................., গত ......................... তারিখ হতে............................ উপজেলা/ ইউনিয়নে ...................... হিসেবে অত্যন্ত প্রশংসনীয়ভাবে দায়িত্ব পালন করেছেন। বিদ্যমান নীতিমালা অনুসারে গত ..................... তারিখে আপনার বয়স/চাকুরীকাল ................. বছর পূর্তিতে আপনার উক্ত নিয়োগের কার্যকারিতা শেষ হয়েছে। তৃণমূল পর্যায়ে নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে নতুন উপজেলা আনসার কোম্পানী/উপজেলা আনসার প্লাটুন/ ইউনিয়ন আনসার প্লাটুন এ কমান্ডার/সহকারী কমান্ডার নিয়োগ করা হবে।

২। দায়িত্ব পালনকালীন সময়ে আপনি বাহিনীর/উর্ধ্বতন কর্মকর্তাদের আইনসঙ্গত আদেশ পালনে যে ভূমিকা রেখেছেন তা অনস্বীকার্যভাবে প্রশংসনীয়। আপনার অবদান বাহিনীর ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। আপনার অবদানের স্বীকৃতি স্বরুপ ভবিষ্যতে বাহিনীর সকল কর্মকান্ডে সম্ভব হলে আপনাকে সম্পৃক্ত করা হবে।

৩। আপনার কর্মস্পৃহা অতীতের ন্যায় অব্যাহত থাকবে এবং নতুন নিয়োগ প্রাপ্ত উপজেলা আনসার কোম্পানী/ উপজেলা আনসার প্লাটুন/ ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার/সহকারী কমান্ডার তাঁর দায়িত্ব পালনে আপনার সক্রিয় সহযোগিতা পাবার আশা রাখছে।

৪। প্রশংসনীয়ভাবে আপনার উপর অর্পিত দায়িত্ব পালন করার জন্য বাহিনীর পক্ষ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনার সকল আইনানুগ প্রয়োজনে বাহিনী আপনার পাশে থাকার প্রতিশ্রুতি ব্যক্ত করছে। আপনার ভবিষ্যৎ মঙ্গল কামনা করছি।

..........................
জেলা কমান্ড্যান্ট
..........................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.......................

স্মারক নং- তারিখঃ.........................

প্রতি ঃ ..........................................................................

ইউনিয়ন/ওয়ার্ড (পৌর) ......................................................

উপজেলা:......................................জেলা: .........................

**বিষয় : শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

বরাত : ....................................
(নিয়োগ পত্রের স্মারক নং)

আপনি জনাব ..........................................................পিতা-............................................... মাতা-..................................... এর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগ উত্থাপিত ও সূত্র মূলে গঠিত তদন্ত কমিটি কর্তৃক তা প্রমাণিত হওয়ায় আপনাকে বিদ্যমান নীতিমালার অনুচ্ছেদ .........................অনুযায়ী সতর্ক/ তিরস্কার/নিম্নোক্ত শাস্তি প্রদান করা হল।

| অপরাধের বর্ণনা | শাস্তির বিবরণ | শাস্তি প্রদানকারী |
|---|---|---|
| | | |

আপনি বর্ণিত শাস্তির বিপরীতে আপীল করতে আগ্রহী হলে ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল আবেদন প্রেরণ করতে পারবেন।

.......................................
জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
……………………

তারিখঃ……………………

**ভাতা ভিত্তিক পদের নাম:** ……………………………………………………………………………

নাম : ……………………………………………………………………………

পিতার নাম : ……………………………………………………………………………

মাতার নাম : ……………………………………………………………………………

স্বামী/স্ত্রী'র নাম : ……………………………………………………………………………

স্থায়ী ঠিকানা : ……………………………………………………………………………

সর্বশেষ যে উপজেলা/ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত: ……………………………………………………………

**সুপারিশ:**

- o মেয়াদ বৃদ্ধির সুপারিশ করছি।
- o সতেজকরণ প্রশিক্ষণ সাপেক্ষে মেয়াদ বৃদ্ধির সুপারিশ করছি।
- o সুপারিশ করছি না (কারণ উল্লেখ করুন)

……………………………………………………………………………

……………………………………………………………………………

…………………………………
জেলা কমান্ড্যান্ট

**রেঞ্জ:** ……………………………………………………………………………

……………………………………………………………………………

…………………………………
রেঞ্জ কমান্ডার

**সদর দপ্তর (আনসার/ ভিডিপি শাখা):** ……………………………………………………………

……………………………………………………………………………

…………………………………
উপমহাপরিচালক

# ব্যক্তি কর্তৃক পূরণকৃত তথ্য ফরম

| | | |
|---|---|---|
| ০১. নাম | : | ........................................................................................................ |
| ০২. আইডি কার্ড নং | : | ........................................................................................................ |
| ০৩. পদবি | : | ........................................................................................................ |
| ০৪. পিতার নাম | : | ........................................................................................................ |
| ০৫. মাতার নাম | : | ........................................................................................................ |
| ০৬. স্থায়ী ঠিকানা | : | পাড়া/মহল্লা: ........................................................................................... |
| | | গ্রাম: ........................................... ডাকঘর: ................................................ |
| | | উপজেলা: ...................................... জেলা: .................................................. |
| | | কত বছর যাবত বসবাস করছেন: ....................................................................... |
| ০৭. জন্ম তারিখ | : | তারিখ- ........../........../........... (.............বছর.................মাস .............দিন) |
| ০৮. জাতীয় পরিচয়পত্র নং | : | ........................................................................................................ |
| ০৯. মোবাইল নম্বর | : | ........................................................................................................ |
| ১০. ধর্ম | : | ..................................................... সম্প্রদায় : ........................................ |
| ১১. শিক্ষাগত যোগ্যতা (শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ) | : | ...................................................................................................... |

<u>**পরিশিষ্ট-'জ'**</u>

# (অফিস কর্তৃক পূরণকৃত তথ্য ফরম)

০১. তিনি কোন ফৌজদারী মামলায় বিবাদী হিসেবে জড়িত ছিলেন কিনা: ..................................................................

০২. রাজনৈতিক মতাদর্শ (আবশ্যিক) :

ক) তিনি কোন রাজনৈতিক দলের সাথে জড়িত কি না? থাকলে বিবরণ: ........................................................

..................................................................................................................................

খ) তার পরিবারের কেউ রাজনৈতিক দলের সাথে জড়িত কি না? থাকলে বিবরণ: ...............................................

..................................................................................................................................

গ) কোন রাজনৈতিক নেতৃত্বের ছত্রছায়ায় সুবিধাভোগী ছিলেন কি না? ...........................................................

..................................................................................................................................

ঘ) কোর রাজনৈতিক দলের অনুষ্ঠানে অংশগ্রহণ করে কি না? ......................................................................

..................................................................................................................................

০৩. তিনি সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা কি না? ........................................................................

০৪. তিনি অন্য কোথাও চাকরী করেন কিনা, কিংবা অত্র বাহিনীর অন্যত্র কর্মরত আছেন কিনা: ..........................................

..................................................................................................................................

০৫. আপনার পরিবারের অন্য কোন সদস্য ভাতাভুক্ত সদস্য হিসেবে কর্মরত আছেন কিনা: ................................................

..................................................................................................................................

০৬. সমাজে উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা: ..................................................................................................

..................................................................................................................................

০৭. পেশা/ অর্থনৈতিক অবস্থা: ............................................................................................................

**সম্মানীভাতা ভিত্তিক উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর কমান্ডার ও সহকারী কমান্ডারগণের নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০২৫**

**শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ছক**

**আরোপযোগ্য শাস্তির মাত্রা এবং শাস্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ:-**

| ক্রঃ নং | অপরাধ | শাস্তি | শাস্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ | আপিল কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | বাহিনীর ভাবমূর্তি ক্ষুন্ন কারী কাজ করা | অপসারণ/বহিষ্কার | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ২। | চাঁদাবাজি, উৎকোচ প্রদান/গ্রহণ | অপসারণ/বহিষ্কার | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ৩। | ভুয়া পরিচয়পত্র বহন/ তথ্য গোপন রেখে নিয়োগ নেয়া/ ভুয়া সনদধারী | বহিষ্কার/ অপসারণ/সনদপত্র জব্দ | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ৪। | মহিলাদের উত্যক্ত করা/ যৌন হয়রানী/ অসামাজিক কার্যকলাপ/ ধর্ষণজনিত অপরাধ | ১৫ দিন বা ১ মাসের ভাতা কর্তন/ বহিষ্কার | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ৫। | হুমকি প্রদান/ প্রাণনাশের হুমকি প্রদান | তিরস্কার/ অপসারণ/বহিস্কার | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ৬। | নেশা গ্রস্থ হওয়া/ জুয়া খেলা/ মাদক ব্যবসা/ চোরাচালান/ অপহরণে সংশ্লিষ্টতা | অপসারণ/বহিষ্কার | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ৭। | চুরি/ মারামারি করা | জরিমানা/অপসারণ/ বহিষ্কার | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ৮। | ট্রেনিং এ প্রশিক্ষণার্থী প্রেরণে ব্যর্থতা/ দায়িত্ব অবহেলা/গুরুতর দায়িত্ব অবহেলা | ০৭/১৫/৩০ দিনের ভাতা কর্তন/ তিরস্কার | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |
| ৯। | কর্মস্থল হতে পলায়ন/ ভীরুতা | তিরস্কার/অপসারণ | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |
| ১০। | মাসিক সভায় অনুপস্থিত (১ম বার) | ০১ দিনের ভাতা কর্তন | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |
| | মাসিক সভায় অনুপস্থিত (পর্যায়ক্রমিক ২য় বার) | ০৫ দিনের ভাতা কর্তন | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |
| | মাসিক সভায় অনুপস্থিত (পর্যায়ক্রমিক ৩য় বার বা তদুর্ধ্ব বার) | ১ মাসের ভাতাকর্তন ও ভাতা স্থগিত/অপসারন | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |
| ১১। | অসদাচরণ/ আদেশ অমান্য করা | সতর্কীকরণ/ তিরস্কার/কঠোর তিরস্কার | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ১২। | দুর্নীতি গ্রস্থ হওয়া/ জালিয়াতির আশ্রয় নেয়া | সতর্কীকরণ/ তিরস্কার/কঠোর তিরস্কার/ অপসারণ | জেলা কমান্ড্যান্ট/ রেঞ্জ কমান্ডার | রেঞ্জ কমান্ডার/ উপমহাপরিচালক |
| ১৩। | দায়িত্বপূর্ণ এলাকা ব্যতীত অন্যত্র অযাচিত হস্তক্ষেপ করা বা করার প্রচেষ্টা করা | ০৫ দিনের ভাতা কর্তন | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |
| ১৪। | তথ্য গোপন করে দায়িত্বপূর্ণ এলাকার বাইরে অত্র বাহিনীতে/ অন্য কোন সরকারি বা বেসরকারি সংস্থায় চাকুরীরত থাকলে | ভাতাভিত্তিক পদ হতে অব্যহতি | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |
| | নিজ এলাকার অভ্যন্তরে অত্র বাহিনীর অন্য যে কোন পদে বা সরকারি প্রতিষ্ঠানে চাকুরীরত থাকলে | | | |
| ১৫। | বিবিধ/জেলা কমান্ড্যান্ট/কর্তৃপক্ষের বিবেচনায় আমলযোগ্য যে কোন অপরাধ | সতর্কীকরণ/ জরিমানা/ পদ হতে অপসারন। | জেলা কমান্ড্যান্ট | রেঞ্জ কমান্ডার |

উপমহাপরিচালক (প্রশিক্ষণ)